

দৈনিক ইক্কিলাব

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম

AUG 05 2002

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং-৫২ পাঠ্যপুস্তক/সম্পাদনা-১২/২০০১(১ম খণ্ড)

তারিখ: ১৮-০৭-২০০২ ইং

বিজ্ঞপ্তি

পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী ২০০৩-২০০৪ সালের উচ্চ মাধ্যমিক স্তরের পাঠ্যলিপি আহ্বান

সরকারি নির্দেশ মোতাবেক ১৯৯৮ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক স্তরের পরিমার্জিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুযায়ী প্রণীত নতুন পাঠ্যপুস্তক প্রবর্তন করা হচ্ছে। উচ্চ মাধ্যমিক স্তরের বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তক অনুমোদন প্রক্রিয়া উন্নত থাকবে বিধায় ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষে প্রবর্তনের জন্য পরিবর্তিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুযায়ী আগ্রহী লেখক/প্রকাশকদের নিকট থেকে নিম্নবর্ণিত বিষয়সমূহের জন্য পাঠ্যলিপি আহ্বান করা যাচ্ছে।

৩ (তিন) বছরের জন্য একটি পাঠ্যপুস্তকের অনুমোদন দেয়া হবে। অনুমোদনের সময়সীমা অতিক্রান্ত হলে আগ্রহী লেখক/প্রকাশকগণ পুনঃ অনুমোদন লাভের জন্য মূল্যায়ন ফীসহ পাঠ্যলিপি বোর্ডে জমা দিতে পারবেন। ২০-০৫-১৯৯৭ ও ১২-০১-১৯৯৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির সভার শর্তসমূহ অনুমোদিত বইগুলোর ক্ষেত্রেও প্রযোজ্য হবে। আগ্রহী প্রকাশক/লেখক প্রয়োজনে বোর্ডের প্রধান সম্পাদকের নিকট হতে শর্তাবলী সংগ্রহ করতে পারবেন। আগামী ৩০-০৬-২০০৩ ইং তারিখে যে সকল পাঠ্যপুস্তকের অনুমোদনের মেয়াদ ৩ (তিন) বছর উত্তীর্ণ হবে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সেসকল অনুমোদিত পাঠ্যপুস্তকের লেখক/প্রকাশকগণকে পুনরায় অনুমোদনলাভের জন্য মূল্যায়ন ফীসহ পাঠ্যলিপি বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। পাঠ্যলিপি অনুমোদিত হলে নির্ধারিত হারে অনুমোদন ফী জমা দিতে হবে। আগ্রহী লেখক/প্রকাশকদের পাঠ্যলিপি মূল্যায়ন ফী বাকদ প্রতি ১০০ নম্বরের পাঠ্যপুস্তকের জন্য ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা চেয়ারম্যান, এনসিটিবি, ঢাকা-এর ২০০ নম্বরের বিষয়ের পাঠ্যপুস্তকের জন্য ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা চেয়ারম্যান, এনসিটিবি, ঢাকা-এর অনুকূলে ঢাকার ক্ষেত্রে পে-অর্ডার এবং ঢাকার বাহিরের ক্ষেত্রে ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। উপস্থাপ্য যে, পাঠ্যলিপি অনুমোদিত হলে নির্ধারিত হারে অনুমোদন ফী জমা দিতে হবে।

বিষয়সমূহ

- | | |
|--|---|
| ১. পদার্থ বিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ২. রসায়ন (১ম ও ২য় পত্র) |
| ৩. জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র) | ৪. গণিত (১ম ও ২য় পত্র) |
| ৫. কম্পিউটার শিক্ষা (১ম ও ২য় পত্র) | ৬. পরিসংখ্যান (১ম ও ২য় পত্র) |
| ৭. কৃষিশিক্ষা (১ম ও ২য় পত্র) | ৮. অর্থনীতি (১ম ও ২য় পত্র) |
| ৯. পৌরনীতি (১ম ও ২য় পত্র) | ১০. সমাজ বিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ১১. সমাজকল্যাণ (১ম ও ২য় পত্র) | ১২. ইতিহাস (১ম ও ২য় পত্র) |
| ১৩. ইসলামের ইতিহাস (১ম ও ২য় পত্র) | ১৪. যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র) |
| ১৫. ভূগোল (১ম ও ২য় পত্র) | ১৬. মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ১৭. ইসলাম শিক্ষা (১ম ও ২য় পত্র) | ১৮. হিসাব বিজ্ঞান (১ম ও ২য় পত্র) |
| ১৯. ব্যবসায় নীতি ও প্রয়োগ (১ম ও ২য় পত্র) | ২০. অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল (১ম ও ২য় পত্র) |
| ২১. ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা (১ম পত্র) | ২২. অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন (১ম ও ২য় পত্র) |
| ২৩. সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র) | ২৪. সমর বিদ্যা (১ম ও ২য় পত্র) |
| ২৫. ব্যবহারিক শিল্পকলা ও বস্ত্র ও পোশাক শিল্প (২য় পত্র) | |

শর্তসমূহ :

- (ক) পাঠ্যলিপি কম্পিউটার কম্পোজ করে জমা দিতে হবে।
- (খ) পাঠ্যলিপি নির্ধারিত সাইজ $\frac{3}{4}$ ডিসি (ডবল ক্রাউন) হবে।
- (গ) কন্টেন্ট (Content area) এরিয়া $8\frac{1}{2} \times 5\frac{3}{8}$ হবে।
- (ঘ) ১২ পয়েন্ট (Sabrena tonny) টাইপ ব্যবহার করতে হবে।
- (ঙ) প্রতি পত্রের জন্য পাঠ্যলিপি ৪ (চার) কপি জমা দিতে হবে।
- (চ) প্রতি পৃষ্ঠায় ৩০ থেকে ৩২ লাইন মুদ্রণ করতে হবে।
- (ছ) যদি কোন প্রকাশক পাঠ্যলিপি অনুমোদনের জন্য জমা দেন তাহলে পাঠ্যপুস্তক লেখকের সম্মতিপত্র সাথে জমা দিতে হবে। পাঠ্যলিপি জমাদানের শেষ তারিখ ৩১-১২-২০০২ ইং। এরপর আর সময়সীমা বৃদ্ধি করা হবে না। বোর্ডের সহকারী সম্পাদক জনাব মোঃ আব্দুল ওয়াদুদ চৌধুরী-এর নিকট উপরিউক্ত বিষয়সমূহের পরিমার্জিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচি পাওয়া যাবে। পাঠ্যলিপি প্রধান সম্পাদকের নিকট জমা দিতে হবে।

প্রফেসর কবির উদ্দিন আহমদ মজুমদার

সদস্য (পাঠ্যপুস্তক)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।